103

ভোরের কাগজ

তারিখ 24 NOV 1997
পৃষ্ঠা ১০ কলাম ৩

## ঢাকা বিশ্ববিদ্যালয়

# শিক্ষকদের জন্য ১৬ কোটি টাকা ব্যয়ে আবাসিক টাওয়ার প্রকল্প

তরুণ সরকার : আগামী ডিসেম্বর মাসে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য একটি আবাসিক টাওয়ার নির্মাণ কাজ শুরু হবে। প্রায় ১৬ কোটি টাকা ব্যয়ে নির্মিত এই টাওয়ারে শিক্ষকদের ৫০টি ফ্ল্যাট থাকবে। বিশ্ববিদ্যালয়ের একটি সূত্র থেকে এ কথা জানা যায়।

সূত্র মতে, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস এলাকায় অবস্থিত উদয়ন বিদ্যালয় এবং উপ-উপাচার্যের বাসভবনের মাঝের ফাঁকা জায়গায় এই আবাসিক টাওয়ারটি নির্মাণ হবে। এটি ১২ থেকে ২০ তলার মধ্যে হবে। কর্তৃপক্ষ ইতিমধ্যে বিশেষজ্ঞ নিয়োগের জন্য টেন্ডার আহ্বান করেছে। বিশেষজ্ঞরাই এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত দেবে। তবে সূত্র জানিয়েছে, এই টাওয়ারটি রাস্তার সংলগ্ন হবে না। রাস্তার সামনে কিছু জায়গা ফাঁকা রেখে টাওয়ার নির্মিত হবে। সূত্র মতে, এই আবাসিক টাওয়ারটি নির্মাণের খরচ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং সরকার যৌথভাবে প্রদান করবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের সম্পত্তি গ্রীণ সুপার মার্কেট থেকে অর্জিত অর্থ এই টাওয়ার নির্মাণের জন্য প্রদান করবে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরী ইতিমধ্যেই আবাসিক টাওয়ার অর্থায়নের জন্য প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা করেছেন এবং প্রধানমন্ত্রী এই প্রকল্পে অর্থায়নের জন্য প্রতিশ্রুতি দিয়েছেন বলে উপাচার্য জানিয়েছেন। অধ্যাপক একে আজাদ চৌধুরী জানান, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের আবাসিক সঙ্কট নিরসনের জন্যই এই টাওয়ার নির্মাণ করা হচ্ছে।